

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
পরিচালকের কার্যালয়  
সরকারি কর্মচারী হাসপাতাল  
ফুলবাড়িয়া, ঢাকা।  
www.skh.gov.bd

নম্বর- ০৫.৮৭.০০০০.০০০.৩৪.০০৫.২২- ২৫৬৬


তারিখ: ২৯ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ  
১৪ ডিসেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ

বিষয়: জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটির ২০২২-২৩ অর্থবছরের ২য় সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রেরণ।

জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিটিজেন চার্টার (সেবা প্রদান প্রতিশ্রুতি) পরিবীক্ষণ কমিটির ২০২২-২৩ অর্থবছরের ১৬ অক্টোবর ২০২২ তারিখে অনুষ্ঠিত ২য় সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নিম্নরূপ:

ক্র.	সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
১	মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রক্রিয়া (সিটিজেন চার্টার) প্রণয়ন সংক্রান্ত নির্দেশনা, ২০১৭ অনুসরণ করে বিদ্যমান সিটিজেন চার্টারটি নিয়মিত হালনাগাদ করতে হবে।	সিটিজেন চার্টার হালনাগাদ করা হয়েছে। প্রমাণক: ওয়েব সাইটে প্রদর্শিত সিটিজেন চার্টার।
২	ত্রৈমাসিক ভিত্তিতে সকল দপ্তর/সংস্থার পরিবীক্ষণ কমিটি পুনঃগঠন সংক্রান্ত অফিস আদেশ ও সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের প্রতিবেদন (স্ক্রিনশটসহ) সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে এবং ওয়েবসাইটের নির্দিষ্ট অংশে আপলোড করতে হবে।	পরিবীক্ষণ কমিটি পুনঃগঠন করা হয়েছে এবং সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করা হয়েছে। প্রমাণক: ওয়েব সাইটের স্ক্রিনশট।
৩	দপ্তর/সংস্থাসহ প্রদত্ত সেবা বিষয়ে দ্বৈবচয়ন ভিত্তিতে সেবাগ্রহীতা নির্বাচন করে তাদের নিকট হতে প্রদত্ত সেবার বিষয়ে প্রতিক্রিয়া গ্রহণ করবে ও প্রাপ্ত ফলাফল সম্পর্কে পরবর্তী সভায় উপস্থাপন করবে।	সেবা বিষয়ে দ্বৈবচয়ন ভিত্তিতে সেবাগ্রহীতাদের নিকট হতে ফিডব্যাক নেওয়া হয়েছে।

২। মহোদয়ের সদয় পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

  
(মোঃ তৌহিদ বিন হাসান)  
উপসচিব

ফোন: ২২৩৩৮৬৭০৮

ই-মেইল: geh@mopa.gov.bd

সিনিয়র সচিব

জনপ্রশাসন মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব (সিআর)।

বিতরণ:

১। পরিচালক (যুগ্মসচিব), সরকারি কর্মচারী হাসপাতাল, ঢাকা।

২। উপপরিচালক, সরকারি কর্মচারী হাসপাতাল, ফুলবাড়ীয়া, ঢাকা।

৩। উপসচিব, সরকারি কর্মচারী হাসপাতাল, ফুলবাড়ীয়া, ঢাকা এবং সভাপতি ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা।

৪। সিনিয়র কনসালটেন্ট (শিশু), সরকারি কর্মচারী হাসপাতাল, ফুলবাড়ীয়া, ঢাকা।

৫। মেডিকেল অফিসার (মেডিসিন), সরকারি কর্মচারী হাসপাতাল, ফুলবাড়ীয়া, ঢাকা।

৬। চন্দন কুন্ডু, পুষ্টিবিদ, সরকারি কর্মচারী হাসপাতাল, ফুলবাড়ীয়া, ঢাকা।

৭। জনাব অতীশ দর্শী চাকমা, সিনিয়র সহকারী সচিব এবং সদস্যসচিব ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সরকারি কর্মচারী হাসপাতাল, ফুলবাড়ীয়া, ঢাকা।